# পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয়: নলকা, সিরাজগঞ্জ।

গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হোন এবং সময়মত গ্যাস বিল পরিশোধ করুন।

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

## আবাসিক শ্রেণিতে স্মার্ট প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন সংক্রান্ত "জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি"

এতদ্বারা পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর আবাসিক শ্রেণির সম্মানিত সকল গ্রাহকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মূল্যবান প্রাকৃতিক গ্যাসের সাশ্রয়ী, দক্ষ ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণ, গ্রাহকের জন্য উন্নত ও ডিজিটাল মিটারিং ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে শতভাগ আবাসিক গ্রাহকের আঙিনায় স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের সরকারি নির্দেশনার অংশ হিসেবে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল)-এর সকল মিটারবিহীন আবাসিক শ্রেণির গ্রাহকের প্রতিটি চুলার জন্য শীঘ্রই স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন শুরু হবে।

### স্মার্ট প্রিপেইড গ্যাস মিটারের উল্লেখযোগ্য সুবিধাদি:

- এটি উন্নত ও ডিজিটাল গ্যাস পরিমাপ পদ্ধতি; এর মাধ্যমে প্রকৃত ব্যবহার অনুযায়ী গ্যাসের বিল প্রদানের সুযোগ থাকায় গ্রাহকদের অর্থ সাশ্রয়ের পাশাপাশি মূল্যবান প্রাকৃতিক গ্যাসের যথাযথ ব্যবহার নিশ্চিত হবে;
- গ্যাস বিল বকেয়া জনিত খেলাপী গ্রাহক হওয়ার সম্ভাবনা নেই; ট্যারিফ পরিবর্তনের কারণে বর্ধিত নিরাপত্তা জামানতের প্রয়োজন হবে না;
- নিজস্ব মোবাইল থেকে বাংলাদেশ কিংবা পৃথিবীর যেকোন প্রান্ত থেকে মিটার রিচার্জ করা যাবে এবং কতটুকু গ্যাস ব্যবহার হয়েছে ও কতটুকু অবশিষ্ট আছে তাও জানা যাবে;
- ব্যবহারগত Flexibility থাকায় গ্রাহক যতটুকু গ্যাস ব্যবহার করবে, রিচার্জ হতে ততটুকু বিল কর্তন হবে; রিচার্জকৃত অবশিষ্ট টাকা ব্যালেন্স হিসেবে মিটার একাউন্টে জমা থাকবে;
- ইমারজেন্সি ব্যালেন্স সুবিধা থাকায় গ্রাহকের গ্যাস সরবরাহ নিরবচ্ছিন্ন থাকবে, রিচার্জ করার পরে রিচার্জকৃত অর্থ হতে ইমারজেন্সি ব্যালেন্স সমন্বয় হবে;
- স্মার্ট প্রিপেইড গ্যাস মিটারের জন্য এককালীন কোন অর্থ প্রদান করতে হবে না; মিটার ভাড়া হিসেবে গ্রাহকের কাছ থেকে রিচার্জের সময় প্রতি মাসে একবার ভাড়া আদায়/সমন্বয় করা হবে।

### সম্মানিত গ্রাহকদের করণীয়:

- পিজিসিএল এর আবাসিক গ্রাহকদের স্মার্ট প্রিপেইড মিটার স্থাপন কাজে পূর্ণ সহযোগিতা প্রদান;
- যে সকল গ্রাহকের একটি রাইজার হতে কমন জিআই লাইনের মাধ্যমে একাধিক চুলায় গ্যাস সংযোগ রয়েছে, তাদেরকে পিজিসিএল এর তালিকাভুক্ত ১.১ ক্যাটাগরির ঠিকাদার নিয়োজিত করে নিজ খরচে এবং পিজিসিএল এর তত্ত্বাবধানে প্রতিটি চুলার জন্য অভ্যন্তরীণ জিআই পাইপ লাইন আলাদা/পৃথকীকরণ করতে হবে;
- যে সকল গ্রাহকের একটি রাইজারের মাধ্যমে কেবলমাত্র একটি চুলায় গ্যাস সংযোগ রয়েছে অথবা প্রতিটি চুলায় রাইজার হতে পৃথক পৃথক জিআই লাইনের মাধ্যমে সংযোগ রয়েছে, সে সকল গ্রাহকের অভ্যন্তরীণ জিআই পাইপ লাইন (লিকেজমুক্ত থাকা সাপেক্ষে) পরিবর্তনের প্রয়োজনীয়তা নেই।

এ বিষয়ে যে কোন প্রয়োজনে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড (পিজিসিএল) এর গ্যাসের হটলাইন নম্বর: ১৬৫১৪ অথবা নিম্ন বর্ণিত নম্বর সমূহে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো:

| | | | |
|---|---|---|---|
| **ব্যবস্থাপক**<br>সিরাজগঞ্জ রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২২৪ | **ব্যবস্থাপক**<br>বগুড়া রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২৩৩ | **ব্যবস্থাপক**<br>পাবনা রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২২৮ | **ব্যবস্থাপক**<br>বাঘাবাড়ি রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২৪০ |
| **ব্যবস্থাপক**<br>রাজশাহী রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২৪৪ | **ব্যবস্থাপক**<br>ঈশ্বরদী রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৫৫৫১৩৫৯৮ | **ব্যবস্থাপক**<br>বেড়া-সাঁথিয়া রিজিওনাল অফিস, পিজিসিএল<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২৪০ | **উপ-প্রকল্প পরিচালক**<br>স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প<br>মোবাইল: ০১৩২৪৭৩৬৪৮৯ |
| | **প্রকল্প পরিচালক**<br>স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প<br>মোবাইল: ০১৭৩০৩৫৭২৩০ | **মহাব্যবস্থাপক**<br>বিপণন<br>মোবাইল: ০১৭০৮৪৫৮৮৮৯ | |

**পিজিসিএল কর্তৃপক্ষ**